চুয়াডাঙ্গায় লিড বাংলাদেশ প্রকল্পের যুবদের মতবিনিময় সভা

যে কোনও দেশের যুব সমাজ সেই দেশের সবচেয়ে বড় শক্তি। যুবসমাজই একটি আর্থ-সামাজিক উন্নয়নের মূল চালিকাশক্তি। তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গায় লিড বাংলাদেশ প্রকল্পের যুবদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ মাসুম আহমেদ এর সাথে সৌজন্যে সাক্ষাৎ ও মতবিনিময় সভা করেন লিড বাংলাদেশ প্রকল্পের ১৫ জন সামাজিক ব্যবসায় উদ্যোক্তা।

ব্রিটিশ কাউন্সিলের আওতাধীন ওয়েভ ফাউন্ডেশনের সহযোগিতার চুয়াডাঙ্গায় যুব নেতৃত্ব ও যুব উদ্যোক্তাদের সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য এরই মধ্যে চুয়াডাঙ্গায় জেলায় মোট ৫০০ জন যুবকদের যুব নেতৃত্ব ও যুব উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশন এঁর পক্ষে উপস্থিত ছিলেন লিড বাংলাদেশ প্রকল্পের সমন্বয়কারী শরিফুল আলম ও প্রকল্প অফিসার মাসুদুর রহমান।

এ সময় শরিফুল আলম বলেন মুলত বিপুল সম্ভাবনা নিয়ে বাংলাদেশের যুবসমাজকে দক্ষ আধুনিক বিজ্ঞানমনষ্ক সুনাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন যুব উন্নয়ন অধিদপ্তর যুবসমাজকে আত্মকর্মসংস্থানের লক্ষ্যে কাজ করছে। যুব উন্নয়নের বিভিন্ন সেবা ও নিজেদেরকে কিভাবে উদ্যোক্তা তৈরি করা যায় এই প্রসঙ্গে মূলত এই মতবিনিময় সভা করা হয়।

মেহেরপুর সমবায় ব্যাংকের নির্বাচনের খসড়া তালিকা প্রকাশ

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২২ এর দাখিলকৃত মনোনয়নপত্র যাচাই বাচাই কার্যক্রম শেষ হয়েছে।

বুধবার মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের নির্বাচন কমিটির সভায় মানোনয়নপত্র যাচাই বাচাই করা হয়।

যাচাই বাচাই শেষে শুধুমাত্র সহ সভাপতি পদে আমদহ ইউনিয়ন বহুমুখি সমবায় সমিতির কাজী শহিদুল হক ও মেহেরপুর বড়বাজার সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির মো: তোজাম্মেল হকের নাম থাকায় আগামী ২ জুলাই /২০২২ ইং তারিখে ঘোষিত দিনে নির্বাচন অনুষ্ঠিত হবে।

বাকী সভাপতি, সহ দুজন সদস্য প্রার্থীর কোনো প্রতিদ্বন্দ্বী না থাকায় এসব পদগুলোতে বিনা প্রতিদ্বন্দ্বীতায় তারা নির্বাচিত হয়েছেন। তবে আনুষ্ঠানিকভাবে তাদের নাম ঘোষণা করা হবে ২ জুলাই নির্বাচনের দিন।

মেহেরপুর সমবায় সমিতি িেলিমিটডের নির্বাচন কমিটির সভাপতি মো: মাহাবুবল হক, সদস্য মো: জামিয়ে আলম ও মো: সাইফুর রহমান স্বাক্ষরিত খসড়া তালিকা থেকে এ তথ্য নিশ্চিত হওয়া গেছে।

গাংনীতে ৯ বছর বয়সী শিশুকে ধর্ষণের চেষ্টা চালালো চল্লিশোর্ধ খলিল

৯ বছর বয়সী শিশুকে ধর্ষণের চেষ্টা চালালো চলিশোর্ধ বয়সী খলিলুর রহমান। এঘটনায় স্থানীয় জনতা তাকে হাতে নাতে আটক করে উত্তম মাধ্যম শেষে তুলে দিলেন পুলিশে।

ঘটনাটি ঘটেছে মেহেরপুরের গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামের দক্ষিণপাড়া এলাকায় বুধবার সকাল সাড়ে ৯ টার দিকে।

আটক খলিলুর রহমান (৪৬) হাড়িয়াদহ গ্রামের দক্ষিণপাড়া এলাকার মৃত পাতান শেখের ছেলে। পেশায় সে আইসক্রিম বিক্রেতা।

এঘটনায় শিশুটির মা বাদী হয়ে খলিলুর রহমানের নামে ধর্ষণ চেষ্টার অভিযোগ এনে একটি মামলা দায়ের করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান ৯৯৯ নাইনের কল পেয়ে খলিলুর রহমানকে উদ্ধার করে থানায় নেয়া হয়। আটক খলিলুর রহমানকে থানায় এনে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে সে তার অপরাধ স্বীকার করেছে।

স্থানীয়রা জানান, ওই শিশুটিকে আইসক্রিম খেতে দেওয়ার নাম করে তার বাড়িতে ডেকে নেন খলিল। পরে বাড়ির পায়খানার মধ্যে নিয়ে ধর্ষণের চেষ্টা চালান। শিশুটি চিৎকার দিলে প্রতিবেশীরা ছুটে গিয়ে তাকে উদ্ধার করে। এসময় খলিলকে আটক করে একটি ঘরে আটকিয়ে রেখে ৯৯৯ ফোন দেন।

পরে দুপুরের দিকে গাংনী থানা পুলিশ হাড়িয়াদহ গ্রামে গিয়ে তাকে পুলিশ হেফাজতে নেন। শিশুটিকে উদ্ধার করে মেডিকেল টেষ্ট করার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।

শৈলকুপায় কৃষি আবহাওয়া তথ্য বিস্তার শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

ঝিনাইদহের শৈলকুপায় দিনব্যাপী কৃষি আবহাওয়া তথ্য বিস্তার শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। উপজেলা কৃষি অফিস মিলনায়তনে বুধবার বেলা ১০টায় অনুষ্ঠিত এ সেমিনারে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা কৃষি প্রশিক্ষন কর্মকর্তা বিজয় কৃষ্ণ হালদার, উপজেলা

নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা, উপজেলা পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিলুফা ইয়াসমিন, ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু, ও উপজেলার বিভিন্ন এলাকা থেকে আসা কৃষকরা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা কৃষি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) আবুল হাসনাত।

পরে এক আলোচনা সভায় বক্তারা, কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের নানা বিষয়ে আলোচনা করেন। এবং মৌসুমি ফসল উৎপাদনের বিষয়ে কৃষকদের উদ্বুদ্ধ করেন।

ঝিনাইদহে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে সাংবাদিকদের অবহিতকরণ সভা

ঝিনাইদহে জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে সাংবাদিকদের সাথে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা ১২ টায় সিভিল সার্জনের সম্মেলন কক্ষে আয়োজন করে।

এসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ সিভিল সার্জন ডা. শুভ্রা রানী দেবনাথ, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান ও সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপুসহ গণমাধ্যম কর্মীরা।

অবহিত করণ সভায় বক্তারা বলেন, ভিটামিন ‘এ’ শিশুর সুস্থভাবে বেঁচে থাকা, স্বাভাবিক বৃদ্ধি, দৃষ্টিশক্তি ও রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির জন্য অন্যতম গুরুত্বপূর্ণ এক অনুপুষ্টি।

আগামী ১২ থেকে ১৫ জুন পর্যন্ত জেলার ৬টি উপজেলায় ১হাজার ৮শ একাত্তরটি কেন্দ্রের মাধ্যমে ৬মাস হতে ৫৯ মাস বয়সের মোট ২ লাখ ২৮ হাজার ৩ শত ৩৮ জন শিশুকে ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো হবে বলে জানানো হয়।

[redacted]

[redacted]

এসময় নির্বাচন কমিশনের ও সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী ব্যারিস্টার ড. মোহাম্মদ ইয়াসিন খান উপস্থিত ছিলেন।
এর আগে গত ২ জুন ঝিনাইদহ পৌরসভা নির্বাচনে একাধিকবার নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থী আব্দুল খালেকের প্রার্থিতা বাতিল করেন নির্বাচন কমিশন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (নির্বাচন প্রশাসন) মোঃ মিজানুর রহমান গত ২ জুন তার প্রার্থিতা বাতিল করেন।

গাংনীতে বসুন্ধরা সিমেন্টের খুচরা ব্যবসায়ীদের নিয়ে হালখাতা

বসুন্ধারা গ্রুপ সিমেন্ট সেক্টরের ডিজিএম পলাশ আক্তার বলেছেন, ব্যবসায়ী হিসেবে আপনারা মুনাফা করবেন। সেই মুনাফা যেনো ভাল জিনিস বিক্রি করেই আসে। আপনারা দেশ ও দেশের মানুষের কল্যানে ব্যবসা করবেন।

আজ বুধবার (৮ জুন) বেলা ৩ টার সময় গাংনীতে বসুন্ধরা সিমেন্ট ডিলার মেসার্স থ্রি আই এন্টারপ্রাইজ এর হালখাতা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

তিনি আরও বলেন, আপনার বন্ধু, আত্মীয় ও প্রতিবেশীরা আপনার কাছ থেকে মালামাল কিনে থাকেন। তাই আপনাকে সৎ ব্যবসায়ী হিসেবে তাদের কাছে আস্থা অর্জন করতে হবে। দেশ ও দেশের মানুষের প্রতি আপনাদের(ব্যবসায়ীদের)দায়বদ্ধতা আছে। বসুন্ধরাগ্রুপের প্রতিটি পণ্য বাজারের সেরা। বিএসটিআয় কর্তৃক মান নিয়ন্ত্রিত। ভাল সিমেন্ট বলেই আপনারা গ্রাহকদের কাছে সিমেন্ট বিক্রি করুন। বিল্ডিং কোড মেনেই বাড়ি বানানোর পরামর্শ দেবেন। দায়ীত্ববোধের যায়গা থেকেই ভাল জিনিস বিক্রি করবেন।

গাংনীর মেসার্স থ্রি আই এন্টারপ্রাইজের স্বতাধিকারী মো: আরিফ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত হালখাতা অনুষ্ঠানের আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন বসুন্ধরা গ্রুপ, সিমেন্ট সেক্টরের কুষ্টিয়া ডিভিশনাল (ডি.এস.আই) মোঃ জাফরুল ইসলাম, কুষ্টিয়া এ.এস.এমমোঃ মামুন শিকদার ।

বসুন্ধারা গ্রুপ সিমেন্ট সেক্টরের টি.এস.এম মো: মাসুদ ছালা উদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মেসার্স থ্রি আই এন্টারপ্রাইজের অপর স্বতাধিকারী হুমায়ন কবীর ও নাজমুল হুদা ও গাংনী পৌর সভার ইঞ্জিনিয়ার শামীম রেজা উপস্থিত ছিলেন।

এলাকার ৫ জন শ্রেষ্ট বিক্রেতাকে কোম্পানি প্রদত্ত উপহার ও অন্যান্যদের সাধারণ উপহার প্রদান করা হয়। হালখাতা অনুষ্ঠানে এলাকার মোট ৪০ জন খুচরা বিক্রেতা উপস্থিত।

মেহেরপুর জেলা প্রশাসকের অপসারণ ও পৌরসভা ভোট বর্জনের হুমকি ব্যবসায়ী নেতাদের

জেলা প্রশাসকের অপসারণের দাবি ও মেহেরপুর পৌরসভা নির্বাচন বর্জনের হুমকি দিয়ে ৫ দফা কর্মসূচী দিয়েছেন মেহেরপুরের ব্যবসায়ী সংগঠণের নেতারা।

আজ বিকালে মেহেরপুর শিল্পকলা একাডেমি মোড়ে সাংবাদিক সম্মেলন করে ব্যবসায়ী নেতারা এ কর্মসূচী ঘোষণা করেন। জেলা প্রশাসনের উদ্যোগে কোর্ট মসজিদ মার্কেট ভবন উচ্ছেদ করার প্রতিবাদ এবং তাদের পূর্নবাসনের দাবিতে এ সাংবাদিক সম্মেলনের আয়োজন করে ব্যবসায়ী সমিতি।

মেহেরপুরের হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সহ-সভাপতি শেখ মোমিনের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য দেন, হোটেল বাজার ব্যবসায়ী

সমিতির সভাপতি আব্দুল হান্নান, সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল সিমন, ওষুধ ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আব্দুল লতিফ, সদস্য রাশেদুজ্জামান, ইজারুল ইসলাম প্রমুখ। সাংবাদিক সম্মেলনে কোর্ট মসজিদ মার্কেটের ক্ষতিগ্রস্থ দোকান মালিক ও তাদের পরিবারবর্গরা উপস্থিত ছিলেন।

হোটেল বাজার মালিক সমিতির সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল সিমন তার বক্তব্যে বলেন, ২০০৬ সালে তৎকালিন জেলা প্রশাসক তালুকদার সামসুর রহমান ও তৎকালিন সদর ইউএনও মিলে চুক্তিপত্রের মাধ্যমে আমাদের ব্যবসায়ীদের দোকান ঘর বরাদ্দ দেন। যদি কোনো অনিয়ম হয়ে থাকে তাহলে তারা করেছেন। তিনি অভিযোগ করেন, জেলা প্রশাসক এই মার্কেটটি ভাঙ্গার প্রতিটি বিষয় নিয়ে ব্যবসায়ী ও সাংবাদিকদের সাথে মিথ্যাচার করেছেন। ডিসি সাহেব আমাদের সাথে কোনো ধরনের আলাপ আলোচনা করেনি। বরং আমরা আমাদের প্রতিষ্ঠান বাঁচাতে বারবার তার কাছে গেছি। উনি আমাদের বিষয়ে কোনো ধরনের আলাপ আলোচনা ছাড়াই মাত্র আধা ঘন্টার ব্যবধানে পাকিস্তানী হানাদের মতই আমাদের ব্যবসা প্রতিষ্ঠানগুলো বুলডোজার দিয়ে গুড়িয়ে দিয়েছেন।

সভাপতি জেলা প্রশাসকের অপসারণ ও মেহেরপুর পৌর নির্বাচন বর্জনের হুমকি দিয়ে ৫ে◌িদন কর্মসূচী ঘোষণা করেন। কর্মসূচীগুলো হলো- ৯জুন বৃহস্পতিবার সকালে ভিক্ষার থালা হাতে জেলা প্রশাসকের কার্য়ালয়ের সামনে অবস্থান, ১০ শুক্রবার জুম্মার নামায শেষে বিশেষ মোনাজাত, ১১ জুন শনিবকার সকাল ১১ টায় ২৫ মিনিট কালো পতাকাসহ দোকান বন্ধ রাখা, ১২ জুন রবিবার সকাল সাড়ে ১০টার সময় কাফনের কাপড়সজ জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বিক্ষোভ সমাবেশ এবং ১২ জুন তারিখের সমাধান না হলে ১৩ জুন থেকে আমরণ অনশনসহ হরতালের ডাক দেওয়া হবে।

প্রসঙ্গত, মঙ্গলবার মেহেরপুর জেলা মডেল মসিজেদের শ্রীবৃদ্ধি ও সরকারি জমি দখলমুক্ত করতে মেহেরপুর কোর্ট মসজিদ মার্কেট ভবন উচ্ছেদ করে জেলা প্রশাসন। এতে ২৫ জন ব্যবসায়ীর পথে বসার জোগাড় হয়েছে।

শৈলকুপা জনতা ব্যাংক থেকে প্রতারণা করে ৪ লাখ টাকা নিয়ে উধাও প্রতারক চক্র, আটক ১

ঝিনাইদহের শৈলকুপার হাইস্কুল মার্কেটে অবস্থিত জনতা ব্যাংক শাখায় প্রতারণা করে ৪ লক্ষাধিক টাকা নিয়ে উধাও হয়েছে ৩ প্রতারক চক্র। বুধবার দুপুরে এ ঘটনা ঘটে ।

এঘটনায় ব্যাংক কর্তৃপক্ষ সুমী বেগম নামে এক মহিলা প্রতারককে আটক করলেও বাকি সদস্যরা পলাতক রয়েছে। আটক সুমি বেগম খুলনার তেরখাদা উপজেলার নলিয়ারচর ইউনিয়নের বলরধনা গ্রামের কামাল হোসেনের স্ত্রী।

ঘটনা সূত্রে জানা যায়, বুধবার সকাল ১০টার দিকে শৈলকুপা জনতা ব্যাংক শাখায় অতিরিক্ত ভিড় থাকে। সেই ফাঁকে প্রতারক চক্রের ৬/৭ সদস্য ঢুকে লাইনে দাড়ায়।

এরপর ক্যাশ কাউন্টারে গিয়ে বিদেশ থেকে রেমিট্যান্সের টাকা এসেছে বলে দাবী করে। এভাবে ৬ জনের মধ্যে ৪ জন প্রায় ৪ লক্ষাধীক টাকা উত্তোলন করে।

প্রত্যকের টাকার পরিমান ছিল গড়ে ৯০ হাজার থেকে ১ লাখ ১০ হাজারে মতো। পরে চতুর্থ জন মহিলাকে টাকা দেওয়ার পর ভাউচার দেখে তাদের সন্দেহ হয়। তবে তার আগেই মহিলাসহ প্রতারক চক্র টাকা নিয়ে বের হয়ে যায়। খোজাখুজির পর পৌর এলাকার বৈকালিন দুধ বাজার থেকে মহিলাকে আটক করা হয়। তবে অপর ৩ প্রতারক পালিয়ে যায়।

এব্যাপারে শৈলকুপা জনতা ব্যাংক শাখার ব্যবস্থাপক শাহীনুর ইমলাম বলেন, প্রতারক চক্র টাকা উত্তোলনের ২টা ধাপ নিজেরাই জাল স্বাক্ষর করে ক্যাশ কাউন্টারে জমা দিয়ে টাকা উত্তোলন করে।

আমাদের অসাবধানতার কারনে এরকম ঘটনা ঘটেছে। আটককৃত মহিলা আমাদের ব্যাংক হেফাজতে আছে। সন্ধ্যার ভিতর টাকা উদ্ধার না হলে আইনগত ব্যবস্থা নিবো ইনশাআল্লাহ।

[redacted]

[redacted]
[redacted]
[redacted]
[redacted]